



ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ
ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়
জনতথ্য বিভাগ



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.১১৩.১০৩.০০.০০.০৩৯.২০১৫/৫২৪

তারিখ : ১৪/০৬/২০২৩

প্রেস বিজ্ঞপ্তি

জরায়ুমুখ ক্যান্সার এবং টাইফয়েড জ্বর প্রতিরোধে ঢাকা ওয়াসার টিকাদান কর্মসূচি উদ্বোধন



১৪ জুন, ২০২৩ তারিখ রোজ বুধবার, বেলা ১১.০০ ঘটিকায় ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক ও সি.ই.ও প্রকৌশলী তাকসিম এ খান ওয়াসা ভবনে টিকা প্রদান কর্মসূচির শুভ উদ্বোধন করেন।

ঢাকা ওয়াসার সকল কর্মকর্তা-কর্মচারীদের জন্য সংস্থার মেডিকেল সেন্টার কর্তৃক নিয়মিত, চুক্তিভিত্তিক, আউটসোর্সিং এবং কাজ নাই মজুরী নাই হিসেবে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীকে টাইফয়েড প্রতিরোধক ও নারী কর্মকর্তা-কর্মচারীগণকে জরায়ুমুখের ক্যান্সার (সারভাইক্যাল ক্যান্সার) প্রতিরোধক টিকা (ভ্যাকসিন) সম্পূর্ণ বিনামূল্যে প্রদান করার একটি কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এই পদক্ষেপ ঢাকা ওয়াসার কর্মকর্তা-কর্মচারীদের মাঝে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি করবে এবং সেই সঙ্গে শরীরে টাইফয়েড ও জরায়ুমুখের ক্যান্সার (সারভাইক্যাল ক্যান্সার) প্রতিরোধক সক্ষমতা বৃদ্ধি করবে।

Handwritten signature and date: ১৪/৬/২০২৩

এ. এম. মোস্তফা তারেক
উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা
ঢাকা ওয়াসা।